



# বিসিএসআইআর রাজশাহী গবেষণাগার

## বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)

নথি নং- ৩৯.০২.৮১৪০.০৭৩.৯৯.০৬৩.২৩

তারিখঃ ২৮/১২/২০২৩ইং

### বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প প্রযুক্তি মেলা - ২০২৪

বিসিএসআইআর রাজশাহী গবেষণাগার, প্রতিবছরের ন্যায় এবারও স্কুল-কলেজের বিজ্ঞান মনস্ক শিক্ষার্থীদের সুপ্ত প্রতিভা বিকশিত করার উদ্দেশ্যে আগামী ১৮, ১৯ ও ২০ জানুয়ারি, ২০২৪ খ্রি., তিন দিন ব্যাপি “বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প প্রযুক্তি মেলা-২০২৪” এর আয়োজন করতে যাচ্ছে। মেলা প্রতিদিন সকাল ১০:০০ ঘটিকা হতে সন্ধ্যা ৫:০০ ঘটিকা পর্যন্ত চলবে। মেলায় প্রদর্শনের জন্য অংশগ্রহনকারীদেরকে তাদের উদ্ভাবিত প্রকল্প সমূহ তিনটি গ্রুপে (৬ষ্ঠ-৮ম শ্রেণিঃ ‘A’-গ্রুপ; ৯ম-১০ম শ্রেণিঃ ‘B’-গ্রুপ; এবং ১১শ-১২শ শ্রেণি / বিজ্ঞান ক্লাব / স্বশিক্ষিত বিজ্ঞানীঃ ‘C’-গ্রুপ) বিভক্ত করে মেলায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। একটি শিক্ষাপ্রতিষ্ঠান হতে প্রতি গ্রুপে এক/একাধিক প্রকল্পের জন্য সর্বোচ্চ তিন (০৩) জন শিক্ষার্থী এবং অভিভাবক হিসেবে একজন শিক্ষক অংশগ্রহন করতে পারবেন। প্রত্যেক গ্রুপ হতে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীদের মাঝে পুরস্কার প্রদান এবং মেলায় অংশগ্রহনকারী প্রত্যেককে সনদপত্র প্রদান করা হবে। মেলায় অংশগ্রহনের জন্য কোন রেজিস্ট্রেশন ফি লাগবে না। অংশগ্রহনকারীদের জন্য দুপুরের খাবার সরবরাহ করা হবে।

#### আবেদনের নিয়মঃ

- মেলায় অংশগ্রহনে ইচ্ছুক শিক্ষার্থীবৃন্দ / বিজ্ঞান ক্লাব / স্বশিক্ষিত বিজ্ঞানীবৃন্দকে [rajshahilabs.bcsir.gov.bd](http://rajshahilabs.bcsir.gov.bd) ওয়েবসাইটে প্রদত্ত লিংকে গিয়ে অথবা <https://forms.gle/5ZmSMCcbu6mU5hMYA> এই লিংকে গিয়ে অনলাইনে আবেদন ফরম (Google form) পূরণ করে Submit করতে হবে। (হার্ড কপি জমা দেওয়া লাগবে না)
- প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সিলসহ সুপারিশ ফরম আবেদনের যথাস্থানে স্ক্যান pdf/jpg file আবশ্যিকভাবে আপলোড করতে হবে এবং বিজ্ঞান ক্লাবের ক্ষেত্রে রেজিস্ট্রেশন সার্টিফিকেট আবশ্যিকভাবে আপলোড করতে হবে। (প্রতিষ্ঠান প্রধানের সুপারিশ ফরম ওয়েবসাইটে প্রদত্ত লিংক হতে ডাউনলোড করা যাবে)
- প্রকল্প জমাদানের শেষ তারিখ- ১৪ জানুয়ারি ২০২৪ খ্রি.।
- মেলা সকলের জন্য উন্মুক্ত।

অংশগ্রহনকারী কর্তৃক উদ্ভাবিত প্রকল্পসমূহ মেলায় প্রদর্শনের জন্য আবেদনের পর প্রকল্প বাছাই কমিটি কর্তৃক বাছাই করা হবে এবং আগামী ১৬ জানুয়ারি, ২০২৪ খ্রি. তারিখে বাছাইকৃত প্রকল্পের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানকে জানিয়ে দেয়া হবে। স্কুল-কলেজের শিক্ষার্থীদের প্রতিষ্ঠানের ডেস ও আইডি কার্ড (যদি থাকে) পরিধান করতে হবে।

বি.দ্র.- আবেদন এবং মেলা সংক্রান্ত যাবতীয় তথ্য ওয়েবসাইটে ([rajshahilabs.bcsir.gov.bd](http://rajshahilabs.bcsir.gov.bd)) পাওয়া যাবে।

#### জরুরী প্রয়োজনে যোগাযোগঃ

ড. ফরিদুল ইসলাম

সিনিয়র সাইন্টিফিক অফিসার, বিসিএসআইআর রাজশাহী গবেষণাগার

মোবাইলঃ ০১৭১৭-৫১১৫৭৬; ফোনঃ ০২৫৮৮৬৬৫৪০

ধন্যবাদান্তে,

(ড. মোঃ সেলিম খান, সিএসও)

পরিচালক

বিনোদপুর বাজার, রাজশাহী-৬২০৬, বাংলাদেশ

ফোনঃ 750894, 750307; ই-মেইল: [dir\\_rajshahi@bcsir.gov.bd](mailto:dir_rajshahi@bcsir.gov.bd)ওয়েবসাইট: [rajshahilabs.bcsir.gov.bd](http://rajshahilabs.bcsir.gov.bd)